# রাখালের বুদ্ধি

ভিনদেশি রূ পকথা

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **গল্পটির প্রধান চরিত্র কে?**
ক মন্ত্রী খ রাজা
● রাখাল ঘ গুণীজন

২. **মন্ত্রী কী অন্যায় করেছিল?**
ক রাজাকে অসম্মান করেছিলেন খ দুর্নীতির আশ্রয় নিয়েছিলেন
গ সুনির্দিষ্ট কাজটি করেছিলেন ● কী অন্যায় করেছিলেন তা বলা হয়নি

৩. **কী করলে রাজা মন্ত্রীকে ক্ষমা করে দিবেন?**
ক মন্ত্রী সারা পৃথিবী ঘুরে আসতে পারলে
● রাজার তিনটি প্রশ্নের উত্তর দিতে পারলে
গ মন্ত্রী একজন বুদ্ধিমান রাখালকে নিয়ে আসতে পারলে
ঘ আর কোনো অপরাধ করবে না বলে কথা দিলে

৪. **রাজা মন্ত্রীকে যে তিনটি প্রশ্ন করেছিলেন তার একটি হল :**
i. উত্তর দেয়ার দিন বলতে হবে রাজা কী ভাবছেন
ii. রাজার সে ভাবনা ভুল তা প্রমাণ করতে হবে
iii. মানুষের জীবনে শ্রেষ্ঠ সময় কোনটি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **রাজার প্রশ্ন শুনে মন্ত্রী প্রথম কার সঙ্গে দেখা করলেন?**
● দেশের গুণীজনদের সঙ্গে খ দরিদ্র এক কৃষকের সঙ্গে
গ শুভাকাঙ্ক্ষীদের সঙ্গে ঘ কোনো এক ঋষির সঙ্গে

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১** সমস্যায় পড়া ও সমাধান লাভ

প্রশ্ন শুনে মন্ত্রীর মাথায় যেন বাজ ভেঙে পড়ল। দেশ-বিদেশের কত জ্ঞানী-গুণীর সঙ্গে দেখা করলেন, কিন্তু একটা প্রশ্নেরও উত্তর পেলেন না। দিন যায়, দিনের পর মাস পূর্ণ হতে যখন আর মাত্র কয়েকদিন বাকি, তখন এক রাখালের সঙ্গে তাঁর দেখা হলো। বলল, 'ওঃ এই ব্যাপার?'

ক. কে মন্ত্রীর অপরাধ ৰমা করেন?
খ. মন্ত্রীর মাথায় বাজ ভেঙে পড়ার কারণ ব্যাখ্যা কর।
গ. 'ওঃ এই ব্যাপার?' এই উক্তির মধ্যে রাখালের যে মনোভাবের পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ কর।
ঘ. মন্ত্রীকে মহাবিপদ থেকে রক্ষার্থে রাখাল কীভাবে সাহায্য করল- বর্ণনা কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** রাজা মন্ত্রীর অপরাধ ৰমা করলেন।

**খ** রাজার প্রশ্নগুলো শুনে মন্ত্রীর মাথায় বাজ ভেঙে পড়ল। এক দেশের মন্ত্রী কোনো একটা কারণে বড় রকমের অপরাধ করেছিলেন। তিনি রাজার কাছে ৰমা চাইলে রাজা তখন তিনটি প্রশ্নের উত্তর খুঁজে আনতে পারলে তাকে মুক্তি দেবেন এবং সেজন্য তাকে তিন মাস সময় দিলেন। যদি প্রশ্ন তিনটির উত্তর মন্ত্রী খুঁজে আনতে পারে তবেই রাজা তাকে ক্ষমা করে দেবেন। মুক্তি পাওয়ার এমন কঠিন শর্ত শুনে মন্ত্রীর মাথায় বাজ পড়ল।

**গ** 'ওঃ এই ব্যাপার?' এই উক্তির মধ্যে রাখালের দূরদর্শী মনোভাবের পরিচয় পাওয়া যায়।
রাজার কাছে মন্ত্রী অনেক বড় রকমের অপরাধ করেছিলেন। সেজন্য তিনি রাজার কাছে ৰমাও চেয়েছিলেন। কিন্তু রাজা মন্ত্রীকে ৰমা না করে তার সাজাস্বরূ প তাকে তিনটি প্রশ্নের উত্তর খুঁজে আনতে বললেন। কিন্তু অনেক চেষ্টা করেও মন্ত্রী যখন প্রশ্নগুলোর উত্তর পেলেন না তখন তিনি হতাশাগ্রস্ত হলেন। অবশেষে সময় শেষ হওয়ার মাত্র কয়েকদিন আগে এক রাখালের সাথে তার দেখা হলো। রাখাল তার দুঃখের কথা শুনে মন্ত্রীকে আশ্বস্ত করে বলল- 'ওঃ এই ব্যাপার'?
রাখালের এ উক্তির মধ্যে দিয়ে মূলত তার দু ধরনের মনোভাব ফুটে ওঠে। প্রথমত, তার বুদ্ধিমত্তা দিয়ে এ প্রশ্নগুলোর উত্তর সে অনায়াসে দিতে পারবে। তার জন্য মন্ত্রীকে দুশ্চিন্তা করতে হবে না। রাখাল বালক তার স্বাভাবিক বুদ্ধিমত্তা দিয়ে উত্তরগুলো দিতে পারবে। তার এ উক্তিতে মন্ত্রীর সাহস বেড়ে গেল। দ্বিতীয়ত, মন্ত্রীর দুঃখে সমব্যথী হয়ে আন্তরিকতা প্রকাশ।

**ঘ** রাখাল আপন বুদ্ধিবলে মন্ত্রীকে মহাবিপদ থেকে রৰা করল।
এক দেশের এক মন্ত্রী বড় রকমের অপরাধ করেছিল। এতে দেশের রাজা তার ওপর অত্যন্ত ক্ষুব্ধ হয়েছিলেন। মন্ত্রী রাজার কাছে ক্ষমা চেয়ে বললেন, তিনি আর অমন ভুল করবেন না; তাকে যেন ক্ষমা করে দেওয়া হয়। রাজা মন্ত্রীকে শর্ত দিলেন, তিন মাসের মধ্যে তার তিনটি প্রশ্নের উত্তর দিতে পারলে তিনি মন্ত্রীকে ক্ষমা করে দেবেন।
অনেকের সাথে দেখা করেও মন্ত্রী যখন কোনো প্রশ্নেরই উত্তর জানতে পারল না তখন এক রাখালের সাথে তাঁর দেখা হলো। রাখালকে মন্ত্রী সব খুলে বললে রাখাল তাকে আশ্বস্ত করল যে, সময়মতো সে মন্ত্রীকে সাহায্য করবে। এ নিয়ে মন্ত্রীকে কোনো রকম চিন্তা করতে হবে না। রাখাল তার আপন বুদ্ধিমত্তা দিয়ে রাজার সকল প্রশ্নের উত্তর দেবে। তবে শুধু রাখাল যেভাবে বলবে মন্ত্রীকে সেভাবেই কাজ করতে হবে। অবশেষে তাই হলো, রাখাল মন্ত্রীর বেশ ধরে এবং মন্ত্রী রাখালের বেশ ধরে রাজদরবারে প্রবেশ করে সকল প্রশ্নের ঠিক জবাব দিলো।
মন্ত্রীবেশী রাখাল রাজার প্রতিটি প্রশ্নের সন্তোষজনক উত্তর দিয়ে রাজাকে খুশি করল এবং মন্ত্রীকে মৃত্যুদণ্ডের হাত থেকে রৰা করল।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে- সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

➲ মূলপাঠ ➡ বোর্ড বই, পৃষ্ঠা ১৮-১৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. তিনটি প্রশ্নের উত্তর দিতে মন্ত্রীকে কত মাস সময় দেওয়া হয়েছিল?** (জ্ঞান)
ⓚ এক মাস ⓛ দুই মাস
● তিন মাস ⓝ চার মাস

**২. সময়সীমা শেষ হওয়ার কয়েকদিন আগেই মন্ত্রীর সাথে কার দেখা হয়েছিল?** (জ্ঞান)
ⓚ রাজার ⓛ উজিরের
ⓜ উকিলের ● রাখালের

**৩. মন্ত্রী কার বেশে রাজসভায় হাজির হলো?** (জ্ঞান)
● রাখালের বেশে ⓛ রাজার বেশে
ⓜ ভিক্ষুকের বেশে ⓝ দরবেশের বেশে

**৪. রাখাল কী সেজে রাজসভায় গেল?** (জ্ঞান)
ⓚ পন্ডিত ব্যক্তির সাজে ⓛ রাখালের সাজে
● মন্ত্রী মশাইয়ের সাজে ⓝ ভিক্ষুকের সাজে

**৫. পৃথিবী ঘুরে আসতে রাজার কত ঘণ্টা সময় লাগার কথা বলা হয়েছিল?** (জ্ঞান)
ⓚ ছয় ঘণ্টা ⓛ বারো ঘণ্টা
ⓜ আঠারো ঘণ্টা ● চব্বিশ ঘণ্টা

**৬. কার বুদ্ধিতে মন্ত্রীর প্রাণ রক্ষা পেল?** (জ্ঞান)
ⓚ মন্ত্রীর নিজের বুদ্ধিতে ● রাখালের বুদ্ধিতে
ⓜ রাজার বুদ্ধিতে ⓝ ভিক্ষুকের বুদ্ধিতে

**৭. পৃথিবী একবার সূর্যকে ঘুরে আসতে সময় লাগে—** (জ্ঞান)
● ২৪ ঘণ্টা ⓛ ৩৬৫ দিন
ⓜ ৭ দিন ⓝ ৫২ সপ্তাহ

**৮. 'রাখালের বুদ্ধি' গল্পে মন্ত্রীকে রক্ষা করেছিল—** (জ্ঞান)
ⓚ নিজের জ্ঞান ⓛ রাজার দয়া
● রাখালের বুদ্ধি ⓝ রাজার বিবেক

**৯. রাখাল কার ছদ্মবেশে রাজসভায় গেল?** (জ্ঞান)
ⓚ রাজার ● মন্ত্রীর
ⓜ রানির ⓝ সিপাহির

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০. 'রাখালের বুদ্ধি' গল্পের শেষ পরিণতি হলো—** (উচ্চতর দক্ষতা)
i. মন্ত্রীর প্রাণরক্ষা
ii. রাখালের শাস্তি
iii. রাখালের ধনরত্ন লাভ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১১. মন্ত্রী বড় রকমের অপরাধ করার পর যা করলেন—** (অনুধাবন)
i. রাজ্য ছেড়ে চলে গেলেন
ii. রাজার কাছে ক্ষমা চাইলেন
iii. এমন ভুল আর না করার কথা জানালেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓝ i, ii ও iii

**১২. মন্ত্রী রাখালের কাছে এলে রাখাল—** (অনুধাবন)
i. প্রথমে তাকে চিনতে পারল না
ii. চিনতে পেরে আশ্চর্য হলো
iii. তার দুঃখের কাহিনি শুনল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ⓜ i ও ii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**

এক ব্যবসায়ী মিনুর সব সম্পত্তি গ্রাস করলে মিনুর বন্ধু তনু মিনুকে আশ্বাস দেয় যে সে মিনু সেজে ব্যবসায়ীর কাছ থেকে সম্পত্তি উদ্ধার করে দেবেন।

**১৩. তনুর চরিত্রটি 'রাখালের বুদ্ধি'—গল্পটির কোন কোন চরিত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ?**
i. রাখাল
ii. মন্ত্রী
iii. মন্ত্রীর বন্ধু
**নিচের কোনটি সঠিক?**
● i ⓛ ii ⓜ iii ⓝ i ও ii

**১৪. তনুর মধ্যে বিদ্যমান গুণটি হচ্ছে—**
i. চতুরতা
ii. বুদ্ধিমত্তা
iii. পরোপকারিতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓝ i, ii ও iii

**➲ শব্দার্থ ➡ বোর্ড বই, পৃষ্ঠা ১৯**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫. আত্মপরিচয় গোপনার্থে পরিধেয় বেশকে কী বলে?** (জ্ঞান)
ⓚ দরবেশ ● ছদ্মবেশ
ⓜ আত্মগোপন ⓝ বেশভূষা

**১৬. 'যে গরব চরায়' তাকে কী বলা হয়?** (জ্ঞান)
ⓚ গোচর ⓛ খেচর
● রাখাল ⓝ লাঠিয়াল

**১৭. 'রাজার পরামর্শদাতাকে' কী বলে?** (জ্ঞান)
ⓚ মন্ত্রণাদাতা ⓛ গুণী
● মন্ত্রী ⓝ রত্ন

**১৮. 'ক্রুদ্ধ' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
● রাগ ⓛ সাহস
ⓜ উত্তম ⓝ বুদ্ধি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯. 'বুদ্ধি' বলতে বোঝায়—** (অনুধাবন)
i. ধীশক্তি
ii. অপরাধ মার্জনা
iii. জানবার বা বুঝবার ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**২০. 'খাসা' বলতে বোঝায়—** (অনুধাবন)
i. উত্তম
ii. গুণবান
iii. পছন্দসই
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

**➲ সারসংক্ষেপ ➡ বোর্ড বই, পৃষ্ঠা ১৯**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২১. 'রাখালের বুদ্ধি' ভিনদেশি— শূন্যস্থানে কোন শব্দটি বসবে?** (অনুধাবন)
● রূপকথা ⓛ কাহিনী
ⓜ গল্প ⓝ সান

**২২. 'বেশ, তোমাকে ক্ষমা করব, তুমি এইসব প্রশ্নের উত্তর নিয়ে আমার কাছে আসবে'— কে উক্তিটি করেছিলো?** (অনুধাবন)
ⓚ সৈন্য ⓛ রাখাল

ⓖ মন্ত্রী ● রাজা

**২৩. কে বড় রকমের অপরাধ করেছিলেন?** (অনুধাবন)

ⓚ রাখাল ⓛ বালক

● মন্ত্রী ⓜ সৈন্য

**২৪. মন্ত্রী দেখতে কেমন ছিল?** (অনুধাবন)

ⓚ সুদর্শন ● নাদুস-নুদুস

ⓖ রোগা ⓜ কুৎসিত

**২৫. রাখালের উত্তরগুলো পেয়ে রাজা কী হলো?** (অনুধাবন)

ⓚ উদ্বিগ্ন হলে ⓛ রাগ করল

ⓖ কষ্ট পেল ● খুশি হলে

**২৬. 'রাখালের বুদ্ধি' গল্পটিতে 'খাসা' শব্দের অর্থ—** (অনুধাবন)

ⓚ ভরা ⓛ তরতাজা

● উত্তম ⓜ অতিরিক্ত

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৭. রাখাল ছদ্মবেশে রাজদরবারে গিয়ে বুদ্ধি দিয়ে প্রশ্নের উত্তর দেয়ার ফলাফল—** (উচ্চতর দক্ষতা)

i. রাজার খুশি হওয়া

ii. মন্ত্রীর ক্ষমা পাওয়া

iii. রাখালের অনেক ধনরত্ন উপহার পাওয়া

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**২৮. 'বেশ এবার প্রমাণ কর, আমি যা ভাবছি তা—'। শূন্যস্থানে সঠিক শব্দটি বসাও।**

i. অলীক

ii. সত্যি

iii. মিথ্যে নয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓜ i, ii ও iii

**২৯. 'রাখালের বুদ্ধি' গল্পে মন্ত্রীর চরিত্রে ফুটে ওঠে—** (অনুধাবন)

i. ভয়

ii. ভবিষ্যৎ চিন্তা

iii. আত্মবিশ্বাস

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓜ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১** শর্ত পূরণ

শামীম তার বাবার কাছে কম্পিউটার চায়। বাবা বলেন, 'এক শর্তে কিনে দেব, তুমি যদি বার্ষিক পরীক্ষায় প্রথম হও তাহলে।' শামীম মহাবিপদে পড়ল পড়াশোনা করতে তার একটুও ভালো লাগে না। আর পরীক্ষায় ফার্স্ট হওয়াতো খুব কঠিন। কিন্তু কম্পিউটার তার চাই-ই। এ জন্য সে তার প্রিয় শিক্ষকের কাছে গেল পরামর্শ চাইতে। স্যারের কথামতো চলে শামীম পরীক্ষায় ফার্স্ট হয়েছে। আর পুরস্কারস্বরূপ তার বাবা তাকে কম্পিউটার কিনে দিয়েছেন।

[শিরোইল সরকারি হাইস্কুল, রাজশাহী; লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়]

ক. প্রশ্নের উত্তর খোঁজার জন্য রাজা মন্ত্রীকে কত দিন সময় দিলেন? ১

খ. কীভাবে মন্ত্রীর প্রাণ রক্ষা হলো? ২

গ. উদ্দীপকের সাথে 'রাখালের বুদ্ধি' গল্পের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকের শামীমের শর্ত পূরণ 'রাখালের বুদ্ধি' গল্পেও সমানভাবে প্রতিফলিত— মূল্যায়ন কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** প্রশ্নের উত্তরের জন্য রাজা মন্ত্রীকে তিন মাস সময় দিলেন।

**খ** রাখালের বুদ্ধির জোরে মন্ত্রীর প্রাণ রক্ষা হলো।

এক দেশের মন্ত্রী বড় রকমের অপরাধ করে রাজার কাছে ক্ষমা চেয়েছিলেন। রাজা তিনটি প্রশ্নের উত্তর দেওয়া সাপেক্ষে তাকে ক্ষমা করবেন বলে জানান। মন্ত্রীর ছদ্মবেশে এক রাখাল বুদ্ধির জোরে প্রশ্ন তিনটির উত্তর দিয়ে রাজাকে সন্তুষ্ট করেন। আর এভাবেই রাজা প্রদত্ত শাস্তি থেকে মন্ত্রীর প্রাণ রক্ষা পায়।

**গ** উদ্দীপকের সাথে প্রতিশ্রুতি পূরণের দিক থেকে 'রাখালের বুদ্ধি' গল্পের সাদৃশ্য রয়েছে।

কোনো কিছু অর্জন করার জন্য পরিশ্রম করতে হয়। তাহলেই আশানুরূপ ফল পাওয়া যায়।

উদ্দীপকের শামীম তার বাবার কাছে কম্পিউটার চাইলে তার বাবা শর্ত দেয় পরীক্ষায় প্রথম হলে কিনে দিবে। শামীম তার বাবার কথামতো পরীক্ষায় প্রথম হলে বাবা তার শর্ত পূরণ করেন। 'রাখালের বুদ্ধি' গল্পে মন্ত্রীকে রাজা যে শর্ত দেয় সেই শর্তানুযায়ী কাজ করাতে রাজা মন্ত্রীকে ক্ষমা করে তার শর্ত পূরণ করেন। তাই বলা যায়, উদ্দীপকের সাথে 'রাখালের বুদ্ধি' গল্পের সাদৃশ্য রয়েছে।

**ঘ** উদ্দীপকের শামীমের শর্ত পূরণ 'রাখালের বুদ্ধি' গল্পেও প্রতিফলিত— বিষয়টি আমার কাছে যথাযথ মনে হয়েছে।

স্বপ্ন পূরণের জন্য নিরলস পরিশ্রম করতে হয়, তবেই সফল হওয়া যায়। উদ্দীপকে শামীম কম্পিউটার চাইলে তার বাবা শর্তস্বরূপ পরীক্ষায় প্রথম হতে বলেন। শামীম তার বাবার শর্ত পূরণ করার জন্য শিক্ষকের পরামর্শ অনুযায়ী কঠোর পরিশ্রম করে পরীক্ষায় প্রথম হয়।

'রাখালের বুদ্ধি' গল্পেও রাজা মন্ত্রীর অপরাধ ক্ষমতা করার ক্ষেত্রে তিনটি প্রশ্ন করেন এবং এগুলোর উত্তর দিতে তিন মাসের সময়সীমা বেঁধে দেন। মন্ত্রী বুদ্ধিমান রাখালের সহায়তায় সকল শর্ত পূরণ করেন।

উদ্দীপক ও 'রাখালের বুদ্ধি' গল্পে শামীম ও মন্ত্রী তাদের ইচ্ছা পূরণের ক্ষেত্রে শর্তাবদ্ধ। তারা দুজনেই পরিশ্রম করে শর্ত পূরণ করেছে।

তাই বলা যায়, শর্ত পূরণের বিষয়টি উভয়ক্ষেত্রে সমানভাবে প্রতিফলিত হয়েছে।৭

**প্রশ্ন- ২** প্রত্যুৎপন্নমতিতা

রনির বাড়ি রেললাইনের পাশে। খুব ভোরে রেললাইনের পাশে এসে দেখে কারা যেন একটি লাইন উঠিয়ে নিয়ে গেছে। কী করবে ভেবে না পেয়ে বাসা থেকে একটি লাল জামা লাঠির মাথায় বেঁধে রেললাইনের পাশে ঝুলিয়ে দেয়। কিছুক্ষণ পর একটি চলন্ত ট্রেনের চালক দূর থেকে লাল চিহ্ন দেখে ট্রেন থামায়। ছোট্ট ছেলে রনির বুদ্ধিতে হাজার হাজার লোকের জীবন রক্ষা পায়। পত্রিকায় এ খবর ছাপা হলে সরকার রনির আজীবন লেখাপড়ার খরচ চালানোর ঘোষণা দেয়।

ক. মন্ত্রী কী করেছিলেন? ১

খ. মন্ত্রীকে তিন মাসের সময় দেওয়া হয়েছিল কেন? ২

গ. 'রাখালের বুদ্ধি' গল্পের কোন দিকটির সাথে উদ্দীপকের সাদৃশ্য রয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকটি 'রাখালের বুদ্ধি' গল্পের মূল বিষয় ধারণ করেছে'— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** মন্ত্রী বড় রকমের অপরাধ করেছিলেন।

**খ** মন্ত্রীকে তিন মাসের সময় দেওয়া হয়েছিল, তার অপরাধ থেকে মুক্তির উপায় হিসেবে প্রশ্নের উত্তর খুঁজে বের করতে হবে।
এক দেশের মন্ত্রী একটা খুব বড় রকমের অপরাধ করেছিলেন। মন্ত্রী সে দেশের রাজার কাছে বিনীতভাবে ৰমা চান। তখন রাজা বলেন, তোমাকে ৰমা করব যদি তুমি আমার তিনটি প্রশ্নের উত্তর দিতে পার। আর এই প্রশ্নের উত্তরের জন্যই তিন মাস সময় দেওয়া হয়।

**গ** 'রাখালের বুদ্ধি' গল্পের রাখালের বুদ্ধির সাথে উদ্দীপকের স্বপনের লাল কাপড় উড়িয়ে ট্রেন থামিয়ে সকল যাত্রীদের জীবন বাঁচানোর বুদ্ধির ৰেত্রে সাদৃশ্য রয়েছে।
'রাখালের বুদ্ধি' গল্পে মন্ত্রীর প্রাণ রৰা পায় রাখালের বুদ্ধির জোরে। মন্ত্রী অপরাধ করে রাজার কাছে ৰমা প্রার্থনা করেন। রাজা তিন মাস সময় দিয়ে তিনটি প্রশ্নের উত্তর দিতে পারলে ৰমা করবেন বলে জানান। অবশেষে রাখাল বালক মন্ত্রীকে আশ্বস্ত করে সে প্রশ্নের উত্তর দেবে। পরবর্তী সময় মন্ত্রীর বেশ ধারণ করে রাখাল রাজার সকল প্রশ্নের উত্তর দিয়ে মন্ত্রীর প্রাণ রৰা করে।
উদ্দীপকের রনির বুদ্ধির জোরে অনেক প্রাণ রৰা হয়। সে রেললাইন ভাঙা দেখে লাল নিশান উড়িয়ে দেয়। রেলচালক নিশান দেখে রেল চালানো বন্ধ করলে অনেক জীবন নিশ্চিত মৃত্যুর হাত থেকে রৰা পায়। তাই বলা যায় জীবন রৰার ৰেত্রে 'রাখালের বুদ্ধি' গল্পে রাখালের বুদ্ধির সঙ্গে রনির বুদ্ধির মিল রয়েছে।

**ঘ** "উদ্দীপকটি 'রাখালের বুদ্ধি' গল্পের মূল বিষয় ধারণ করেছে"— মন্তব্যটি যথার্থ।
'রাখালের বুদ্ধি' গল্পে মন্ত্রীর অপরাধ করে রাজার কাছে ৰমা চায়। রাজা তিনটি প্রশ্নের উত্তর দিতে পারলে ৰমা করবে বলে জানায়। মন্ত্রী দেশ বিদেশের অনেক জ্ঞানী–গুণী ব্যক্তির কাছে যায়। কিন্তু কেউ উত্তর দিতে পারে না। অবশেষে এক রাখাল মন্ত্রী সেজে ছদ্মবেশে রাজার প্রশ্নের উত্তর দেয়। রাজা সন্তুষ্ট হয়ে তাকে অনেক ধনরত্ন দেন এবং মন্ত্রীকে জীবন ভিৰা দেন।
এ গল্পটিতে রাখালের বুদ্ধিমত্তার বিষয়টির মূল হিসেবে প্রাধান্য পেয়েছে। উদ্দীপকের রনি যখন দেখল রেললাইনের একটি লাইন কারা যেন উঠিয়ে নিয়ে গেছে। তাই সে লাল কাপড় উড়িয়ে ট্রেন থামাল এবং অনেক যাত্রীর জীবন রৰা করল। এতে তার বুদ্ধিমত্তার দিকটি প্রধান বলে বিবেচিত হয় যা আলোচ্য গল্পের রাখালের বুদ্ধির প্রতিনিধিত্ব করে।
উলিৱখিত আলোচনা শেষে বলা যায়, প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৩** ▸▸ উপস্থিতবুদ্ধি

জায়েদ বন্ধুদের নিয়ে সুন্দরবনে বেড়াতে গেল। সেখানে হঠাৎ করেই জায়েদ ও সুমন দল ছাড়া হয়ে গভীর জঙ্গলে ঢুকে পড়ে এবং ভালস্নুকের সামনে পড়ে যায়। সুমন ভয়ে আৎকে উঠলে জায়েদ তাকে অজ্ঞানের ভান করে শুয়ে থাকার পরামর্শ দেয় এবং নিজেও একই কাজ করে। ভালস্নুকটি এসে তাদের মৃত মনে করে কোনো ৰতি না করে চলে যায়। কারণ ভালস্নুক মৃত প্রাণীর মাংস খায় না।

ক. মন্ত্রীর কাছে রাজার প্রথম প্রশ্নটি কী ছিল? ১
খ. মন্ত্রীর প্রাণ কীভাবে রৰা পেল? ২
গ. জায়েদের মধ্যে 'রাখালের বুদ্ধি' গল্পের কোন দিকটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'রাখালের বুদ্ধি' গল্পের সামগ্রিক বিষয় ধারণ করে কি? উত্তরের পৰে যুক্তি দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** মন্ত্রীর কাছে রাজার প্রথম প্রশ্ন ছিল আমি ঠিক কতদিন বাঁচব।

**খ** 'রাখালের বুদ্ধি' গল্পে মন্ত্রীর প্রাণ রাখালের বুদ্ধির জোরে রৰা পেল।

এক দেশে মন্ত্রী বড় রকমের অপরাধ করে রাজার কাছে ৰমা চাইলেন। রাজা তিনটি প্রশ্নের উত্তর দেওয়া সাপেৰে ৰমা করবেন বলে জানান। মন্ত্রীর ছদ্মবেশে এক রাখাল বুদ্ধির জোরে প্রশ্ন তিনটির উত্তর দিয়ে রাজাকে সন্তুষ্ট করেন। এভাবে রাখালের বুদ্ধিতেই মন্ত্রীর প্রাণ রৰা পেল।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে—*

**গ** জায়েদ উদ্ভূত বিপদাপন্ন অবস্থা থেকে মুক্তির উপায় বের করতে পেরেছে এ বিষয়টি উদ্দীপক এবং গল্পের আলোকে আলোচনা করতে হবে।

**ঘ** উদ্দীপকটি 'রাখালের বুদ্ধি' গল্পের সামগ্রিক দিক ধারণ করে না। কারণ গল্পে রাখাল বালকের পুরস্কার লাভ করাসহ বিভিন্ন বিষয় উঠে এসেছ। যা উদ্দীপকে উঠে আসেনি। সে বিষয়টি আলোচনা করতে হবে।

**প্রশ্ন– ৪** ▸▸ বুদ্ধিমত্তা

কিং ইডিপাস নাটকে উলেৱখ আছে, থিবির প্রবেশপথের প্রাচীরের ওপর একটি ভয়ানক জন্তু বসে থাকত। যে কাউকে দেখামাত্র সে ধাঁধা জিজ্ঞেস করত এবং উত্তর দিতে না পারলে তাকে মেরে ফেলত। একদিন ইডিপাস এলেন জন্তুটির সামনে। যথারীতি তাকেও জন্তুটি জিজ্ঞেস করল কোন প্রাণী সকালে চার পায়ে, দুপুরে দুই পায়ে এবং সন্ধ্যায় তিন পায়ে হাঁটে? ইডিপাস তাঁর বুদ্ধিবলে উত্তর দিলেন 'মানুষ'। নগরীতে প্রবেশের অনুমতি পেলেন তিনি।

ক. 'রাখালের বুদ্ধি' কোন ধরনের গল্প? ১
খ. রাজসভায় মন্ত্রী এক কোণে দাঁড়িয়ে কাঁপছিল কেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটির সঙ্গে 'রাখালের বুদ্ধি' গল্পের মিল ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ইডিপাস ও আলোচ্য গল্পের রাখালের বুদ্ধিমত্তার তাৎপর্য তুলে ধর। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** রাখালের বুদ্ধি ভিন দেশি রূপকথা।

**খ** অজানা ভীতির কারণে রাজসভায় মন্ত্রী এক কোণে দাঁড়িয়ে কাঁপছিলেন।

'রাখালের বুদ্ধি' গল্পে রাজার প্রশ্নের উত্তর দেওয়ার নির্ধারিত শেষ তারিখে রাখাল মন্ত্রী সেজে আর মন্ত্রী রাখাল সেজে রাজসভায় উপস্থিত হয়েছিলেন। মন্ত্রীবেশী রাখাল একে একে রাজার সব প্রশ্নের উত্তর দিচ্ছিলেন আর মন্ত্রী রাখালের বেশ ধরে রাজসভার এক কোণে দাঁড়িয়ে কাঁপছিলেন। তাঁর ভয় হয়েছিল রাজা আবার তাকে চিনে ফেলেন কি না। রাখালের উত্তরে রাজা সন্তুষ্ট হন কি না ইত্যাদি অজানা আশঙ্কায় রাজসভার এক কোণে দাঁড়িয়ে মন্ত্রী কাঁপছিলেন।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে—*

**গ** প্রশ্নের উত্তর দেওয়া বিষয়টির ৰেত্রে মিল রয়েছে– বিষয়টি সাদৃশ্যের বিষয় হিসেবে আলোচনা করতে হবে।

**ঘ** উভয় ৰেত্রেই বুদ্ধির গুণে মুক্তি পাওয়ার বিষয়টি প্রধান হয়ে ফুটে উঠেছে। এ বিষয়টি আলোচনা করতে হবে।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কে খুব বড় রকমের অপরাধ করেছিলেন?**

**উত্তর :** মন্ত্রী খুব বড় রকমের অপরাধ করেছিলেন।

**প্রশ্ন ॥ ২ ॥ মন্ত্রী ভুলের জন্য কার কাছে ৰমা চাইলেন?**

**উত্তর :** মন্ত্রী ভুলের জন্য রাজার কাছে ৰমা চাইলেন।

**প্রশ্ন ॥ ৩ ॥ রাজার কঠিন কঠিন প্রশ্ন শুনে মন্ত্রীর মাথায় কী পড়ল?**

**উত্তর :** রাজার কঠিন কঠিন প্রশ্ন শুনে মন্ত্রীর মাথায় বাজ পড়ল।

**প্রশ্ন ॥ ৪ ॥ কে মন্ত্রীকে বিপদ থেকে রৰা করল?**

**উত্তর :** রাখাল মন্ত্রীকে বিপদ থেকে রৰা করল।

**প্রশ্ন ॥ ৫ ॥ রাজা রাখালকে কী উপহার দিলেন?**

**উত্তর :** রাজা রাখালকে অনেক ধনরত্ন উপহার দিলেন।

**প্রশ্ন ॥ ৬ ॥ 'রাখালের বুদ্ধি' কোন জাতীয় রচনা?**

**উত্তর :** 'রাখালের বুদ্ধি' একটি ভিনদেশি রূপকথা।

**প্রশ্ন ॥ ৭ ॥ আত্মপরিচয় গোপনার্থে পরিধেয় বেশকে কী বলা হয়?**

**উত্তর :** আত্মপরিচয় গোপনার্থে পরিধেয় বেশকে ছদ্মবেশ বলা হয়।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ রাজার ভাবনা মিথ্যা প্রমাণিত হলো কীভাবে?**

**উত্তর :** রাখাল তার ছদ্মবেশ খুলে ফেলায় রাজার ভাবনা মিথ্যা প্রমাণিত হলো।

রাখালের চেহারা ছিল জীর্ণশীর্ণ, অপরদিকে মন্ত্রী ছিল বেশ নাদুসনুদুস। রাখাল যখন মন্ত্রীর ছদ্মবেশ এবং মন্ত্রী রাখালের ছদ্মবেশ ধরে রাজার কাছে গেল তখন রাজা ভাবলেন তাঁর নাদুসনুদুস মন্ত্রী এমন রোগাপটকা হলো কীভাবে। কিন্তু যখন রাখাল তার ছদ্মবেশ খুলে ফেলল, তখন রাজার ভাবনা ভুল প্রমাণিত হলো। আসলে ছদ্মবেশী মন্ত্রী রাখাল ছিল।

**প্রশ্ন ॥ ২ ॥ মন্ত্রী দেশ–বিদেশের জ্ঞানীগুণীর সঙ্গে দেখা করলেন কেন?**

**উত্তর :** রাজার তিনটি প্রশ্নের উত্তরের সন্ধানে মন্ত্রী দেশ–বিদেশের জ্ঞানী–গুণীর সঙ্গে দেখা করলেন।

মন্ত্রী একবার খুব বিপদে পড়ে যান, রাজার তিনটি প্রশ্নের জবাব দিতে না পারলে কঠিন শাস্তি পাবেন। অন্যদিকে প্রশ্নগুলো ছিল অর্থহীন এবং অযৌক্তিক। তাই ভয়ে তটস্থ মন্ত্রী উদ্ভট এসব প্রশ্নের উত্তরের সন্ধানে দেশে বিদেশের জ্ঞানী–গুণীর সঙ্গে দেখা করলেন।